# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যখন কোন মুসল্লী সুতরা ছাড়া সালাত আদায় করবে, তখন তার সামনে দিয়ে গমন করা বৈধ

## ذِكْرُ إِبَاحَةِ مُرُورِ الْمَرْءِ قُدَّامَ الْمُصَلِّي إِذَا صَلَّى إِلَى غَيْرِ سُتْرَةٍ

আরবী

2357 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدَّوْرَقِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ كثير بن كثير عن أبيه عن المطلب بْنِ أَبِي وَدَاعَةَ أَنَّهُ قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ فَرَغَ مِنْ طَوَافِهِ أَتَى حَاشِيَةَ الْمَطَافِ فَصَلَّى رَكْعَتَيْنِ وَلَيْسَ بينه وبين الطوافين أحد.

الراوي : المطلب بْن أَبِي وَدَاعَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2357 | خلاصة حكم المحدث: ضعيف - ((الضعيفة)) (928).

বাংলা

২৩৫৭. মুত্তালিব বিন আবূ ওয়াদা‘আহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, যখন তিনি তাওয়াফ সম্পন্ন করেছেন, তখন তিনি মাতাফের (যেখানে তাওয়াফ করা হয়) এক কোণে এসেছেন অতঃপর দুই রাকা‘আত সালাত আদায় করেছেন, সেসময় তার মাঝে ও তাওয়াফকারীদের মাঝে কোন কিছু ছিল না।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৮১৫; নাসাঈ: ৫/২৩৫; মুসনাদ আহমাদ: ৬/৩৯৯; হাকিম: ১/২৫৪; ইবনু মাজাহ: ২৯৫৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪৬১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৩৮৭; আবূ দাঊদ: ২০১৬; সুনান বাইহাকী: ২/২৭৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আয যঈফা: ৯২৮)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুত্তালিব ইবন আবু ওয়াদা'আহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91678

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন